মেহেরপুরে পুলিশের অভিযানে ৬ মাসের সাজাপ্রাপ্তসহ গ্রেফতার-১০

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে মারামারি মামলায় ৬ মাসের সাজাপ্রাপ্তসহ ১০ আসামি গ্রেফতার হয়েছে।
এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর ও সিআর মামলায় ৪ জন, চুরির মামলায় ১ জন ও ৩৫ ধারায় ১ জন আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে ৬ মাসের সাজাপ্রাপ্ত আসামি কামারখালি গ্রামের হাবিল উদ্দীনের ছেলে মজনুসহ ৩ জন ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে নারী নির্যাতন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ১ আসামি গ্রেফতার হয়েছে।

বুধবার দিবাগত রাতভর আজ বৃহস্পতিবার ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন। পুলিশের সংশ্লিষ্ট থানাগুলো এই তথ্য নিশ্চিত করেছেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম এই অভিযানে অংশ নেন।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করেছেন।